

advertisement

## রাবণীসহ ৮ ডাকসু নেতার নির্বাচন ফল স্থগিতে নোটিশ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

৫ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ নভেম্বর ২০১৯ ০১:৩১



শহুরে বাংলাদেশ  
**আমাদের ময়**

তাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাধারণ সম্পাদক গোলাম রাবণীসহ ডাকসু ও হল সংসদের ৮ প্রতিনিধির নির্বাচনের ফল স্থগিতে আইনি নোটিশ পাঠানো হয়েছে। ডাকসু নির্বাচনে জিএস প্রার্থী রাশেদ খানের পক্ষে এ নোটিশ পাঠিয়েছেন বাংলাদেশ সুপ্রিমকোর্টের আইনজীবী হাসনাত খাউয়ুম।

গত রবিবার বিশ্ববিদ্যালয়ের উপচার্য ও ডাকসুর সভাপতি অধ্যাপক আখতারুজ্জানের কাছে এ আইনি নোটিশ পাঠানো হয়েছে। এতে এক সপ্তাহের মধ্যে এ বিষয়ে গৃহীত ব্যবস্থার কথা জানাতে বলা হয়েছে। সেই সঙ্গে এ ঘটনায় জড়িতদের তদন্ত করে বের করতে বলা হয়। অন্যথায় উচ্চ আদালতে রিট দায়ের করা হবে বলে নোটিশে উল্লেখ করেন সুপ্রিমকোর্টের ওই আইনজীবী।

চলতি বছরের ১১ মার্চ ডাকসু ও হল সংসদের নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য বাংলাদেশ ছাত্রলীগের পদচ্যুত সাধারণ সম্পাদক গোলাম রাবণীসহ বিশ্ববিদ্যালয়ের ৩৪ শিক্ষার্থীর বিরুদ্ধে

অবৈধভাবে ভর্তি হওয়ার অভিযোগ ওঠে। অভিযুক্ত ওই শিক্ষার্থীদের মধ্যে  
ডাকসুতে জিএসসহ ৮ জন ও একজন হল সংসদে সহ-সভাপতিও (ভিপি)  
হয়েছেন।

অভিযুক্ত ডাকসু নেতারা হলেন- সাধারণ সম্পাদক (জিএস) গোলাম রাবণী,  
ক্রীড়া সম্পাদক শাকিল আহমেদ তানভীর, স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধবিষয়ক  
সম্পাদক সাদ বিন কাদের চৌধুরী, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক আরিফ  
ইবনে আলী, সদস্য নজরুল ইসলাম, সদস্য মুহাম্মদ মাহমুদুল হাসান, সদস্য  
রকিবুল হাসান রাকিব ও সদস্য নিপু ইসলাম তঞ্চী। স্যার এএফ রহমান হলের  
সহসভাপতি (ভিপি) আবদুল হালিম খানও রয়েছেন ওই তালিকায়। এরা সবাই  
ছাত্রলীগের প্যানেল থেকে নির্বাচিত হয়েছেন।

advertisement